

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
ইইএফ ইউনিট

ইইএফ সার্কুলার নং-২৬

তারিখঃ ২৭/০৪/২০০৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল তফশিলী ব্যাংক
ও
সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

একুইটি এন্ড অন্ট্রাপ্র্যান্যারশীপ ফান্ড (ইইএফ) –আইটি প্রকল্পে ইইএফ সহায়তা প্রদান।

উপরোক্ত বিষয়ে ইইএফ সার্কুলার নং-২৫, তারিখ-০৬/১২/২০০৭ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আইটি খাতে ইইএফ সহায়তা প্রদানের লক্ষ্যে আগ্রহী উদ্যোক্তাগণের নিকট হতে Expression Of Interest (EOI) আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এতদসংক্রান্ত বিজ্ঞপ্তি ইতোমধ্যে দৈনিক পত্রিকায় প্রকাশিত হয়েছে। EOI সম্পর্কিত বিস্তারিত তথ্যাবলী বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে (www.bangladesh-bank.org) এবং (www.bangladeshbank.org.bd) পাওয়া যাবে। EOI আগামী ২৭/০৫/২০০৮ তারিখের মধ্যে নির্বাহী পরিচালক, ইইএফ ইউনিট, ১ম সংলগ্নী ভবন (৮ম তলা), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা এর বরাবরে দাখিল করতে হবে।

দাখিলকৃত EOI সমূহ যাচাই করে যোগ্য উদ্যোক্তাগণের একটি তালিকা (short list) প্রস্তুত করা হবে। পরবর্তীতে তাদেরকে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে প্রকল্প প্রস্তাবনা দাখিলের পরামর্শ দেয়া হবে। ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান প্রকল্প প্রস্তাবনাসমূহ গ্রহন করে ইইএফ সার্কুলারে বর্ণিত নির্দেশনার আলোকে সেগুলো দক্ষতাসম্পন্ন ফাইন্যান্সিয়াল এনালিস্ট ও আইটি জ্ঞান সম্পন্ন বিশেষজ্ঞ সমন্বয়ে গঠিত কমিটি দ্বারা প্রাথমিক মূল্যায়ন করে যথারীতি ইইএফ ইউনিটে প্রেরণ করবে।

উল্লেখ্য, EOI তে অংশ গ্রহন ইইএফ সহায়তা প্রদানের নিশ্চয়তা বিধান করে না।

২৭/০৫/২০০৮ তারিখের পরে আইটি খাতে ইইএফ সহায়তার জন্য প্রস্তাবনা দাখিলের বিষয়ে প্রয়োজনে পুনরায় সার্কুলার ইস্যু করে ইইএফ ইউনিট হতে নির্দেশনা জারী করা হবে।

এ পর্যন্ত জারিকৃত ইইএফ সার্কুলারে বর্ণিত অন্যান্য সকল শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

এই নির্দেশ অবিলম্বে কার্যকর বলে গন্য হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন এবং সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-

(এ, টি, এম, ফজলে রব)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৭১৬৩৬৫০